

U.G. 6th Semester Examination - 2021**BENGALI****Course Code: BBNGCCHT601****Course Title: রবীন্দ্র সাহিত্য**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

- ক) 'বলাকা' কবিতাটির মূল কাব্যগ্রন্থের নাম কী?
- খ) 'আমাদের সেই তাহার নামটি রঞ্জনা।' — এখানে 'তাহার নাম' বলতে কার নাম বোঝানো হয়েছে?
- গ) 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কোন্ পত্রিকার কোন্ সংখ্যায় প্রথম প্রকাশিত হয়েছিল?
- ঘ) বাসবদত্তা কে?
- ঙ) 'যোবতী, ক্যান্ বা কর মন ভারী?
পাবনা থাকে আন্যে দেব ট্যাকা দামের মোটরি।'
— গানটি কার লেখা?
- চ) 'ছিন্নপত্র' সংকলনটি কোন্ সালে প্রকাশিত?

ছ) 'আজ' এই মাত্র প্রাণটা যাবার জো হয়েছিল।' — উদ্ধৃতিটি কোন্ পত্রে বর্তমান?

জ) 'ছিন্নপত্রাবলী'র ১৮ নং পত্রটি কাকে লেখা?

ঝ) 'অভিজ্ঞান-শকুন্তলা' নাটকে কোন্ অঙ্কে শকুন্তলার প্রত্যাখ্যান রয়েছে?

ঞ) পত্রলেখা কে?

ট) মহাকবি কালিদাসের 'মেঘদূত' কাব্যটি কোন্ ছন্দে লেখা?

ঠ) 'প্রাচীন সাহিত্য'-এর 'রামায়ণ' প্রবন্ধটির উৎস লেখো।

ড) 'হাসি-মিশা বাঁশি বায়'-এর অর্থ লেখো।

ঢ) এককথায় সাহিত্যের বিষয় কী কী?

ণ) 'সাহিত্য' সংকলনে প্রথমে কয়টি প্রবন্ধ ছিল?

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক) 'রবিহীন মণিদীপ্ত প্রদোষের দেশে' বলতে কী বোঝানো হয়েছে?

খ) 'ভারতবর্ষের সজল মেঘ আর উজ্জ্বল রৌদ্র

মিলেছে ওর মোহিনী দৃষ্টিতে।' — কার দৃষ্টিতে? কেন এমন কথা বলা হয়েছে?

গ) 'ছিন্নপত্রাবলী'র পত্রের উপরে-নিচের দুটি স্বতন্ত্র সময়কাল উল্লেখ করা হয়েছে কেন?

ঘ) ছিন্নপত্রগুলির দুটি উল্লেখযোগ্য বিশেষত্ব লেখো।

ঙ) উর্মিলা উপেক্ষিত কেন, দু-চার কথায় বুঝিয়ে দাও।

- চ) শকুন্তলার পিতা-মাতার পরিচয় দাও।
ছ) সাহিত্যের কাজ কী?
জ) 'সাহিত্য' প্রবন্ধ-সংকলনটি কীভাবে, কত সালে প্রকাশিত হয়?

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$

- ক) 'আফ্রিকা' কবিতায় রবীন্দ্রনাথের মানবতাবাদী ভাবনা কেমন করে কাব্যায়িত হয়েছে, দেখাও।
খ) 'লতার সহিত ফুলের যেরূপ সম্বন্ধ তপোবনের সহিত শকুন্তলার সেইরূপ স্বাভাবিক সম্বন্ধ।' — উদ্ধৃতাংশটির প্রসঙ্গ উল্লেখ করে তার তাৎপর্য বিশ্লেষণ করো।
গ) সাহিত্যের বিচারক সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুরের বক্তব্য স্পষ্ট করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 10 = 10$

- ক) 'ছিন্নপত্রাবলী'তে রবীন্দ্রনাথ ঠাকুরের কবিচেতনার প্রকাশ কীভাবে উঠে এসেছে, তা পাঠ্য পত্রগুলি অবলম্বনে লেখো।
খ) 'রামায়ণ' সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুরের মূল বক্তব্য বুঝিয়ে দাও।
গ) 'কাব্য : স্পষ্ট এবং অস্পষ্ট' প্রবন্ধের বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।